



Students of Cardiff International School Dhaka perform at a cultural event organised by the school to observe the CISD Quality Day at the capital's MIDAS Convention Centre on Saturday. — press release

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

দ্বিতীয় সংস্করণ

www.samakal.net

প্রেসিডেন্ট হয়েও
ব্যবসা চালাচ্ছেন ট্রাম্প

১৮

বাজেট প্রস্তাব : উৎসে কর
কমানোর দাবি বিজিএমইএর

১২

মূল কাগজের সঙ্গে চার পৃষ্ঠার ফিচার
আয়োজন- আলোর পথযাত্রী, দেহঘড়ি
মঞ্চের বাইরে, প্রিয় ক্যাম্পাস

রোববার ২ এপ্রিল ২০১৭

২৪ পৃষ্ঠা ১০ টাকা



ভবিষ্যৎ প্রজন্মকে মানসম্পন্ন হয়ে বেড়ে ওঠার গুরুত্ব ব্যক্ত করে “সিআইএসডি কোয়ালিটি ডে ২০১৭” পালিত হলো। কার্ডিফ ইন্টারন্যাশনাল স্কুল শনিবার দিনব্যাপী “সিআইএসডি কোয়ালিটি ডে” উদযাপন করল সম্পূর্ণ ভিন্ন আঙ্গিকে। অনুষ্ঠানে বক্তারা শিক্ষা, সংস্কৃতি, জীবনবোধ এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে মানসম্মত শিক্ষার গুরুত্ব তুলে ধরে বলেন, নতুন প্রজন্মকে মানসম্মত শিক্ষার মাধ্যমে গড়ে তুলতে পারলে তারা সমাজের এবং দেশের উন্নতি ও অগ্রগতির জন্য কার্যকর ভূমিকা রাখতে পারবে। অধ্যক্ষ এ.এম.এম. খাইরুল বাশার বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের মূল কাজ হচ্ছে শিক্ষার গুণগত মান বজায় রেখে পাঠদান। মানসম্পন্ন শিক্ষা শুধু ক্লাসরুমেই সীমিত নয়, ক্লাসের বাইরেও মানসম্পন্ন সহায়ক পরিবেশ সৃষ্টির ক্ষেত্রে আমাদের নজর দিতে হবে। প্রধান অতিথির বক্তৃতায় বুয়েটের নেভাল আর্কিটেকচার বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং জাপান-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উপদেষ্টা প্রফেসর ড. এ.কে.এম. মোয়াজ্জেম হোসেন বলেন, শিশুর শারীরিক, মানসিক, সামাজিক, অর্থনৈতিক, নৈতিক, সাংস্কৃতিক তথা আর্থিক উন্নয়নের জন্য মানসম্পন্ন শিক্ষার বিকল্প নেই। অনুষ্ঠানের আহ্বায়ক এহসানুল আমিন বলেন, জীবনের সর্বক্ষেত্রে সাফল্যের পথে এগিয়ে যেতে কার্ডিফের সকল শিক্ষার্থী দৃঢ়প্রত্যয়ী।

সি-১৭